

নোটিশ বোর্ড

ক্যাম্পাসে ক্যাম্পাসে
২৬শে মার্চ

নানা কর্মসূচির মধ্য দিয়ে গতকাল সোমবার দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ে মহান স্বাধীনতা দিবস পালিত হয়েছে। কর্মসূচির মধ্যে ছিল আলো নিভিয়ে শহীদদের স্মরণ, আলোচনাসভা, প্রদীপ প্রজ্জ্বলন, শোভাযাত্রা, মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন, কবিতা আবৃত্তি, পথচিত্রাঙ্কন ইত্যাদি।

ইউজা : দিনব্যাপী নানা কর্মসূচি পালন করে ইউজা (ইউনিভার্সিটি অব ডেভেলপমেন্ট অস্টারনেটিভ), কোডা (কলেজ অব ডেভেলপমেন্ট অস্টারনেটিভ) ও মোডা (স্কুল অব ডেভেলপমেন্ট অস্টারনেটিভ)। কর্মসূচির মধ্যে ছিল পথচিত্রাঙ্কন, শহীদদের মাগফিরাত কামনায় দোয়া পাঠ, মুক্তিযুদ্ধ ও শহীদদের নিয়ে আলোচনাসভা, মুক্তিযুদ্ধভিত্তিক প্রামাণ্যচিত্র প্রদর্শন, গণসংগীত ও কবিতা পাঠের আন্দোলন। রাজধানীর মানিক মিয়া এডিনিউয়ে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সনাজকম্পাণমন্ত্রী রাশেদ খান মেনন।

ইস্টার্ন ইউনিভার্সিটি : দিবসটি উপলক্ষে গতকাল সকালে বিশ্ববিদ্যালয়ের সেনিনার হলে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক সেনাপ্রধান লে. জেনারেল (অব.) এম হারুন-অর-রশিদ (বীরপ্রতীক)। সম্মানিত অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান ইঞ্জিনিয়ার খন্দকার মেজবাহ উদ্দিন আহমেদ।

উত্তরা ইউনিভার্সিটি : বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা দিবসের সালাম গ্রহণকালে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচিতে অংশ নেয় উত্তর ইউনিভার্সিটির শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা। এ ছাড়া দিবসটি উপলক্ষে নানা আয়োজন ছিল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেও।

বিএসএমআরএমইউ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেরিটাইম ইউনিভার্সিটিতে (বিএসএমআরএমইউ) স্বাধীনতার কবিতা আবৃত্তি, দলগত মুক্তির গান পরিবেশনা, নৃত্য উপস্থাপন ও প্রবন্ধ পাঠের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য রিয়ার অ্যাডমিরাল এম খালেদ ইকবাল। এ ছাড়া বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে জাতীয় শিশু-কিশোর সমাবেশেও অংশগ্রহণ করেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীরা।

বশেমুরক্বি : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ে (বশেমুরক্বি) স্বাধীনতা দিবস উপলক্ষে ভুক্ত সূরে জাতীয় সংগীত পরিবেশনা, শোভাযাত্রা, শ্রীতি খেলাধুলা ও শিশু-কিশোরদের চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। এসব কর্মসূচিতে উপাচার্য অধ্যাপক ড. মো. গিয়াসউদ্দীন মিয়াসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

নর্দান ইউনিভার্সিটি : বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা দিবসের সালাম গ্রহণকালে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচিতে অংশ নেয় নর্দান ইউনিভার্সিটি বাংলাদেশ। এ ছাড়া দিবসটি উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শোভাযাত্রা হয়। এতে উপাচার্য অধ্যাপক ড. স্ত্রীমানোয়ার হোসেনসহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীরা অংশগ্রহণ করেন।

ওয়াল্ড ইউনিভার্সিটি : বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়ামে প্রধানমন্ত্রী কর্তৃক স্বাধীনতা দিবসের সালাম গ্রহণকালে একযোগে জাতীয় সংগীত পরিবেশন কর্মসূচিতে অংশ নেন ওয়াল্ড ইউনিভার্সিটির উপাচার্য, প্রধান উপদেষ্টা, ট্রেনার, উপ-উপাচার্য, ডিন ও বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থীরা। এ ছাড়া দিবসটি উপলক্ষে আলোচনাসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। তাতে প্রধান অতিথি ছিলেন মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সংবাদ বিজ্ঞপ্তি।